Foreign shootingt-87

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৫.০০.০০০০.০২৭.৩৫.০০৮.১৫.৭৮৫

তারিখঃ ১৬ পৌষ ১৪২২
৩০ ডিসেম্বর ২০১৫

**বিষয়ঃ** 'আকাশে বাতাসে রটিয়ে দিলাম' নামক চলচ্চিত্র **"যুক্তরাজ্যের লন্ডনসহ বিভিন্ন স্থানে"** শুটিংয়ের জন্য শিল্পী ও কলা-কুশলীদের বিদেশ গমনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড এর ১৪.১১.২০১৫ ও ০৮.১২.২০১৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্মাণাধীন চলচ্চিত্র **'আকাশে বাতাসে রটিয়ে দিলাম'** এর প্রযোজক, জনাব ফরিদুর রেজা সাগর, ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড, ৪০, শহীদ তাজউদ্দিন সরণী, তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর আবেদনক্রমে উক্ত চলচ্চিত্রের শুটিংয়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত তালিকায় উল্লেখিত ০৯ (নয়) জন শিল্পী ও কলাকুশলী এবং যন্ত্রপাতিসহ নিম্নোক্ত শর্ত পালন সাপেক্ষে **"যুক্তরাজ্যের লন্ডনসহ বিভিন্ন স্থানে"** গমনের নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো:

**শর্ত:**

(ক) বিদেশে কোনো অশ্লীল দৃশ্য চিত্রায়ণ করা যাবে না;
(খ) বিদেশে অবস্থানকালীন শিল্পী-কলাকুশলী কর্তৃক কোনো অশালীন আচরণ করা যাবে না;
(গ) বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কোনো কাজ করা যাবে না। শুটিং এর উদ্দেশ্য ব্যতিত অন্য কোন কাজে অংশগ্রহণ করা যাবে না;
(ঘ) নিম্নবর্ণিত তালিকায় উল্লেখিত শিল্পী, কলা-কুশলী ও যন্ত্রপাতির বাইরে কোনো শিল্পী ও যন্ত্রপাতি বিদেশে নেয়া যাবে না;
(ঙ) **'আকাশে বাতাসে রটিয়ে দিলাম'** নামক চলচ্চিত্রের পক্ষে ভ্রমণকারী কলাকুশলীগণের ঠিকানাসহ তালিকা ও ভ্রমণ তফশিল সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনে প্রযোজকের নিজ দায়িত্বে ভ্রমণ শুরুর তারিখের পূর্বেই প্রেরণ নিশ্চিত করতে হবে;
(চ) এ বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমতি গ্রহণ করবেন ও তদানুযায়ী বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করবেন;
(ছ) **'আকাশে বাতাসে রটিয়ে দিলাম'** নামক ছায়াছবি বিদেশে শুটিংয়ের সময় বিদেশী শিল্পী অংশগ্রহণ করলে তাদের পারিশ্রমিক ও ভ্যাট/ট্যাক্স এর তথ্যাদি দাখিলপূর্বক বিদেশী শিল্পীর অংশগ্রহণের বিষয়ে আলাদাভাবে তথ্য মন্ত্রণালয়ের ঘটনোত্তর অনুমোদন গ্রহণ করতে হবে;
(জ) আলোচ্য চলচ্চিত্র বিদেশে শুটিংয়ের অনুমতি প্রাপ্তির তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে চলচ্চিত্রের শুটিং সমাপ্ত করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে;
(ঝ) আলোচ্য বিদেশ ভ্রমণ/শুটিংয়ের জন্য বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
(ঞ) শিল্পী, কলা-কুশলীগণকে শুটিং শেষে যথাসময়ে দেশে ফেরত আসতে হবে। তাদের ফেরত আসার বিষয়ে সংশ্লিষ্ট প্রযোজক দায়িত্বশীল থাকবেন। ফেরৎ আসার পর বিএফডিসি'র মাধ্যমে ১৫ দিনের মধ্যে প্রতিবেদন পেশ করতে হবে; এবং

০২। বিদেশে শুটিং এ অংশগ্রহণকারী শিল্পী ও কলাকুশলীর তালিকা নিম্নরূপ :-

| ক্র: | বিদেশে শুটিং এ অংশগ্রহণকারী শিল্পী ও কলাকুশলীর তালিকা |
|---|---|
| ১ | তানিয়া আহমেদ, পরিচালক |
| ২ | রায়হান খান, চিত্রগ্রাহক |
| ৩ | তারিক আনাম খান, অভিনেতা |
| ৪ | বিদ্যা সিনহা মীম, অভিনেত্রী |
| ৫ | ইরফান সাজ্জাদ, অভিনেতা |
| ৬ | মীর সাব্বির, অভিনেতা |
| ৭ | মিশু সাব্বির, অভিনেতা |
| ৮ | তানজিকা আমিন, অভিনেত্রী |
| ৯ | রবার্ট মাইকেল ইয়ং, অভিনেতা |

৩০/১২/১৫

(জি.এন. নজমুল হোসেন খান)
উপসচিব(চলচ্চিত্র)
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail : sas.film@moi.gov.bd

চলমান পৃষ্ঠা-২

পূর্ব পৃষ্ঠার পর

নং-১৫.০০.০০০০.০২৭.৩৫.০০৮.১৫.৭৮৫(১৮)

তারিখ: ৩০ ডিসেম্বর ২০১৫

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা (দৃ: আ: মহাপরিচালক, বহি:প্রচার অনুবিভাগ)।
৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন রোড, ঢাকা।
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সভাপতি, বিদেশে চলচ্চিত্র স্যুটিংয়ের অনুমতি প্রদান কমিটি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৭। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
৮। ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, কারওয়ান বাজার, ঢাকা।
৯। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১০। মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডেস্ক অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১৩। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
১৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। প্রশাসক, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক-পরিবেশক সমিতি, স্কাই লার্ক পয়েন্ট (৮ম তলা), ১৭৫, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
১৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯। জনাব ফরিদুর রেজা সাগর, ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড, ৪০, শহীদ তাজউদ্দিন সরণী, তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮ **'আকাশে বাতাসে রটিয়ে দিলাম'** ছবির অনুমতিপ্রাপ্ত শিল্পী, কলা-কুশলীগণের নাম ও পাসপোর্টের সত্যায়িত কপি পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তর, ঢাকা ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহি:প্রচার অনুবিভাগে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

৩০/১২/১৫

(জি.এন. নজমুল হোসেন খান)
উপসচিব(চলচ্চিত্র)